

website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।



বিআরপিডি সার্কুলার নং- ০৮

২২ এপ্রিল ২০২১  
তারিখ : -----  
০৯ বৈশাখ ১৪২৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

কৃষি ও পল্লী ঋণের সুদহার পুনর্নির্ধারণ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে ২২ জুন ২০১৭ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উক্ত সার্কুলারের মাধ্যমে অগ্রাধিকারপ্রাপ্ত খাত হিসেবে কৃষি ও পল্লী ঋণের সুদ হারের উর্ধ্বসীমা ১০% হতে হ্রাস করে ৯% এ পুনর্নির্ধারণ করা হয়। পরবর্তীতে, বিআরপিডি সার্কুলার নং-০৩/২০২০ এর মাধ্যমে ১ এপ্রিল ২০২০ তারিখ হতে কার্যকর করে ক্রেডিট কার্ড ব্যতীত অন্যান্য সকল খাতে অশ্রেণিকৃত ঋণ/বিনিয়োগ এর উপর সুদ/মুনাফা হার সর্বোচ্চ ৯% নির্ধারণ করা হয়।

৩। কৃষি বাংলাদেশের অর্থনীতির একটি গুরুত্বপূর্ণ খাত। কৃষির উন্নয়নের সাথে বাংলাদেশের বিপুল জনসংখ্যার খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণসহ অর্থনৈতিক উন্নয়ন প্রত্যক্ষভাবে জড়িত। তাই বাংলাদেশ সরকার খাদ্য নিরাপত্তা ও পুষ্টি নিশ্চিতকরণ, দারিদ্র বিমোচন ও কর্মসংস্থান সৃষ্টির উদ্দেশ্যে কৃষি উন্নয়নকে অগ্রাধিকার দিচ্ছে। ২০২০ সাল হতে বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও কোভিড-১৯ এর প্রাদুর্ভাব দেখা দেয়ায় দেশের স্বাভাবিক অর্থনৈতিক কর্মকান্ড বিঘ্নিত হচ্ছে। এর ফলে অন্যান্য খাতের ন্যায় কৃষি খাতও ক্ষতিগ্রস্ত হয়েছে। এ প্রেক্ষিতে, কৃষি খাতে স্বল্প সুদে ঋণ সরবরাহ নিশ্চিত করে কৃষকদেরকে স্বাভাবিক উৎপাদনশীল কার্যক্রমে ফিরিয়ে আনাসহ কৃষি উৎপাদন বৃদ্ধিকল্পে উক্ত খাতে ঋণ/বিনিয়োগের সুদ/মুনাফা হার হ্রাস করা প্রয়োজন।

৪। এমতাবস্থায়, জাতীয় অর্থনীতিতে কৃষি খাতের অবদান বিবেচনায় কৃষি খাতে স্বল্প সুদে ঋণ সরবরাহ নিশ্চিত করে কৃষকদেরকে স্বাভাবিক উৎপাদনশীল কার্যক্রমে ফিরিয়ে আনাসহ কৃষি উৎপাদন বৃদ্ধিকল্পে অগ্রাধিকারপ্রাপ্ত খাত হিসেবে কৃষি ও পল্লী ঋণ/বিনিয়োগের সুদ/মুনাফা হার সর্বোচ্চ ৯% এর পরিবর্তে সর্বোচ্চ ৮% এ পুনর্নির্ধারণ করা হলো।

এ নির্দেশনা ১ এপ্রিল ২০২১ তারিখ হতে কার্যকর বলে গণ্য হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ নজরুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২